# ঈশ্বরের বাক্য এলো

# ভাববাদী উইলিয়াম ম্যারিয়ন ব্র্যানহামের নিকট

**(God's Word Came To The Prophet**
**William Marrion Branham)**

## "যীশু খ্রীষ্টই ঈশ্বর"

## "Jesus Christ is God"

বর্তমান প্রকাশ এই - যীশু খ্রীষ্টই ঈশ্বর। পুরাতন নিয়মের যিহোবাই হচ্ছেন নূতন নিয়মের যীশু। আপনি যতই চেষ্টা করুন না কেন তাতে কোন লাভ হবে না, তিন ঈশ্বর যে আছেন আপনি তা প্রমান করতে পারবেন না। কিন্তু তিনি এক, এই সত্যটি আপনাকে বুঝতে হলে পবিত্র আত্মা দ্বারা প্রকাশের প্রয়োজনীয়তা আছে। পুরাতন নিয়মের যিহোবা যে নূতন নিয়মের যীশু তা দেখতে হলে প্রকাশ আবশ্যক। শয়তান চুপিসারে খ্রীষ্টিয়ান সম্প্রদায়ের মধ্যে প্রবেশ করেছে এবং এই সত্যের প্রতি লোকদের অন্ধ করে দিয়েছে। আর যখন তারা এর প্রতি অন্ধ হলো, তার বেশীদিন না যেতেই রোমের গীর্জা যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজ করা বন্ধ করে দিল।

আমি স্বীকার করি যে বর্ত্তমান সময়ে ঈশ্বরত্বের সত্যতা সম্বন্ধে দেখতে হলে পবিত্র আত্মা হতে প্রকৃত প্রকাশের প্রয়োজনীয়তা আছে, যেহেতু আমরা অনেকাংশে শাস্ত্রবাক্য দূষনের মধ্যে আছি। কিন্তু বিজয়ী মন্ডলী প্রকাশের উপর স্থাপিত, তাই আমরা আশা করতে পারি যে ঈশ্বর তাঁর সত্য আমাদের কাছে প্রকাশ করবেন। যাই হোক না কেন, প্রকৃতপক্ষে জল বাপ্তিস্মের উপর প্রকাশের প্রয়োজন আপনাদের নেই। ইহা আপনাদের নিকট খুবই স্পষ্ট। শিষ্যগণের পক্ষে

প্রভুর সরাসরি যে আজ্ঞা পিতা ও পুত্র ও পবিত্র আত্মার নামে বাপ্তিষ্ম দেবার, তার থেকে এক মিনিটের জন্যও বিপথগামী হয়ে স্বেচ্ছায় অবাধ্যতা দেখানো সম্ভব কি ? তাঁরা জেনেছিলেন সেই নাম কি এবং শাস্ত্রের এমন কোথাও নেই যে তাঁরা প্রভু যীশু খ্রীষ্টের নামে ব্যতিরেকে অন্য কোন পন্থায় বাপ্তাইজ করেছেন। সাধারণ জ্ঞান আপনাদের বলবে যে প্রেরিতদের কার্য্য বিবরণ পুস্তক হচ্ছে ক্রিয়াকরণে মন্ডলী, অতএব তাঁরা যদি সেই ভাবে বাপ্তাইজ করেছেন, তাহলে সেটাই হচ্ছে বাপ্তাইজের পন্থা। এখন আপনারা যদি সেটা কঠিন ভাবেন, তাহলে এই বিষয়ে আপনারা কি ভাবেন ? যদি কেউ প্রভু যীশুর নামে বাপ্তাইজিত না হয়েছিলেন, তাঁকে পুনরায় বাপ্তাইজিত হতে হতো ।

প্রেরিত ১৯:১৬, " আপল্লো যে সময়ে করিন্থে ছিলেন, সে সময়ে পৌল উত্তর অঞ্চল দিয়া গমন করিয়া ইফিষে আসিলেন। তথায় কয়েকজন শিষ্যের দেখা পাইলেন আর তাহাদিগকে বলিলেন, বিশ্বাসী হইয়া তোমরা কি পবিত্র আত্মা পাইয়াছিলে ? তাহারা তাঁহাকে কহিল, পবিত্র আত্মা যে আছেন, তাহাও আমরা শুনি নাই। তিনি কহিলেন, তবে কিসে বাপ্তাইজিত হইয়াছিলে? তাহারা কহিল, যোহনের বাপ্তিষ্মে।

পৌল কহিলেন, যোহন মন পরিবর্ত্তনের বাপ্তিষ্মে বাপ্তাইজ করিতেন, লোকদিগকে বলিতেন, যিনি তাঁহার পরে আসিবেন, তাঁহাতে অর্থাৎ যীশুতে তাহাদিগকে বিশ্বাস করিতে হইবে। এই কথা শুনিয়া তাহারা প্রভু যীশুর নামে বাপ্তাইজিত হইল। আর পৌল তাহাদের উপরে হস্তার্পন করিলে পবিত্র আত্মা তাহাদের উপরে আসিলেন, তাহাতে তাহারা নানা ভাষায় কথা কহিতে এবং ভাববাণী বলিতে লাগিল।" হ্যাঁ, তাই হয়েছিল। ইফিষে এই সজ্জন লোকগুলি খ্রীষ্টের আগমনের বিষয়ে শুনেছিল। যোহন তাঁর বিষয় প্রচার করেছিলেন। যীশুতে বিশ্বাস করার প্রত্যাশায় তারা পাপ থেকে মন পরিবর্ত্তনের বাপ্তিষ্মে

বাপ্তাইজিত হয়েছিল। কিন্তু এখনকার সময় হচ্ছে যীশুর দিকে ফিরে তাকাবার এবং পাপ মোচনের নিমিত্ত বাপ্তিষ্ম নেবার। এখনকার সময় হচ্ছে পবিত্র আত্মা গ্রহন করার। আর যখন তাঁরা প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হলো, পৌল তাদের উপর হস্তার্পণ করলেন এবং পবিত্র আত্মা তাদের উপর অবতরণ করলেন।

আহা, ইফিষে ঐ প্রিয় লোকগুলি সজ্জন ছিল; আর যদি কারও নিশ্চিত অনুভব করার অধিকার ছিল, তারা তা করেছিল। লক্ষ্য করুন, তারা কতটা দূর এসে গিয়েছিল। আসন্ন খ্রীষ্টকে গ্রহন করার জন্য তারা সমস্ত পথ অতিক্রম করে হাজির হয়েছিল। তারা তাঁর জন্য প্রস্তুত ছিল। কিন্তু আপনি কি দেখতে পাচ্ছেন না যে এত করা সত্ত্বেও তারা তাঁকে হারিয়েছিল ? তিনি এসে চলে গেলেন। তাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হবার প্রয়োজন ছিল। তাদের পবিত্র আত্মায় পূর্ণ হবার প্রয়োজন ছিল।

আপনি যদি প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হয়েছেন, ঈশ্বর আপনাকে তাঁর আত্মায় পূর্ণ করবেন। ইহাই বাক্য। প্রেরিত ১৯:৬ পদে আমরা যা পড়ি তা হচ্ছে প্রেরিত ২:৩৮ পদের সম্পাদনকরন, "মন ফিরাও এবং তোমরা প্রত্যেকজন পাপমোচনের নিমিত্ত যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও, তাহা হইলে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে।" দেখুন, পৌল পবিত্র আত্মা দ্বারা যা বলেছেন, পিতর পবিত্র আত্মা দ্বারা ঠিক তাই বলেছিলেন। আর যা বলা হয়েছে তা পরিবর্ত্তিত হতে পারে না। পঞ্চাশত্তমীর দিন থেকে যতক্ষন না পর্যন্ত শেষ মনোনীত জনের বাপ্তিষ্ম হয়, একে এরকমই থাকতে হবে। গালাতীয়, ১:৮,"কিন্তু আমরা তোমাদের নিকটে যে সুসমাচার প্রচার করিয়াছি, তাহা ছাড়িয়া অন্য সুসমাচার যদি কেহ প্রচার করে - আমরাই করি বা স্বর্গ হইতে আগত কোন দূতই করুক - সে শাপগ্রস্ত হউক।"

বর্ত্তমানে এককত্ব (oneness) মতবাদী লোকদের মধ্যে কেউ কেউ বাপ্তিস্ম ভুলভাবে করে থাকেন। জলমগ্ন হলেই যেন পরিত্রান লাভ হয়, এই ভেবে আপনারা নূতন জন্মের জন্য বাপ্তাইজ করে থাকেন। জল দ্বারা নূতন জন্ম লাভ হয় না, ইহা আত্মার একটি কাজ। যে ব্যাক্তি পবিত্র আত্মা দ্বারা আদেশ দিয়াছিলেন, "মন ফিরাও এবং প্রত্যেকজন প্রভু যীশুর নামে বাপ্তাইজিত হও, "তিনি বলেননি যে জল নূতন জন্ম দেয়। তিনি বলেছেন, এ হচ্ছে "ঈশ্বরের নিকট সৎ সংবেদের" একটি প্রমান মাত্র। এই হলো আসল কথা। ১ পিতর ৩:২১, "আর এখন উহার প্রতিরূপ বাপ্তিস্ম (মাংসের মালিন্য ত্যাগ নয়, কিন্তু ঈশ্বরের নিকট সৎ সংবেদের নিবেদন) যীশু খ্রীষ্টের পুনরুত্থান দ্বারা আমাদিগকে পরিত্রান করে। "আমি ইহা বিশ্বাস করি।

যদি কারও কোন ভ্রান্ত ধারনা আছে যে প্রভু যীশু খ্রীষ্টের নাম ব্যতিরেকে অন্য কোন পন্থায় বাপ্তিস্ম ইতিহাস প্রমান করতে পারে, আমি আপনাকে পরামর্শ দিব আপনি ইতিহাস পড়ে আপনার নিজের জন্য সত্য খুঁজে বার করুন। নিম্নোক্ত বাপ্তিস্মের নথি সত্য, যা ১০০ খ্রীষ্টাব্দে রোমে সংঘটিত হয়েছিল এবং ১৯৫৫ সালের ৫ই ডিসেম্বরে "TIME" পত্রিকায় পুনরায় দৃষ্ট হয়েছিল। "ডিকন তাঁর হাত তুললেন এবং পাব্লিয়াস ডেসিয়াস দীক্ষাস্থানের দরজা দিয়ে ভিতরে আসলেন। কাষ্ঠ বিক্রেতা মার্কাস ভাস্কা ছোট জলাশয়ের এক কোমর জলে দাড়িয়েছিলেন। পাব্লিয়াস যখন জলাশয়ে কষ্ট করে হেঁটে তাঁর পাশে দাঁড়ালেন, তখন তিনি মৃদু হাসলেন। তিনি জিজ্ঞাসা করলেন, 'credis'? পাব্লিয়াস উত্তর করলেন, 'credo', ' আমি বিশ্বাস করি যে আমার পরিত্রান খ্রীষ্ট যীশুর কাছ থেকে আসে যিনি পন্তীয় পীলাতের অধীনে ক্রুশবিদ্ধ হয়েছিলেন। তাঁর সহিত আমি মৃত হয়েছি যেন তাঁর সহিত অনন্ত

জীবন পাই।' যখন তিনি জলাশয়ে নিজেকে পিছনের দিকে ফেলে দিয়েছিলেন তখন বলিষ্ঠ বাহুর সাহায্য অনুভব করেছিলেন আর শীতল জল যখন তাঁকে আচ্ছন্ন করলো তখন মার্কাসের কন্ঠস্বর তাঁর কানে শুনলেন, "আমি তোমাকে প্রভু যীশুর নামে বাপ্তাইজ করছি।"

যতক্ষন না পর্যন্ত সত্য লোপ পেল। ( আর এই শেষের যুগ পর্যন্ত ফিরে আসেনি - এ হচ্ছে নিসিয়া থেকে আরম্ভ করে এই শতাব্দীর শুরু পর্যন্ত) তাঁরা প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজ করতেন। কিন্তু ইহা ফিরে এসেছে। আত্মা যখন ইহা দিতে চান তখন শয়তান প্রকাশকে চেপে রাখতে পারে না।

হ্যাঁ, যদি তিন ঈশ্বর থাকতেন, তাহলে আপনি খুব সুন্দর ভাবে একটি পিতার জন্য, একটি পুত্রের জন্য এবং একটি পবিত্র আত্মার জন্য বাপ্তিষ্ম দিতে পারতেন। কিন্তু **যোহনকে যে প্রকাশ দেওয়া হয়েছে** তা হচ্ছে **ঈশ্বর এক** এবং তাঁর নাম **প্রভু যীশু খ্রীষ্ট** আর আপনারা এক ঈশ্বরের জন্য, একের জন্য বাপ্তাইজ করুন। পঞ্চাশত্তমীর দিনে তাই পিতর ঐ পন্থায় বাপ্তাইজ করেছিলেন। তাঁকে প্রকাশের প্রতি সত্যনিষ্ঠ থাকতে হয়েছিল যা হচ্ছে, " অতএব সমস্ত ইস্রায়েল কুল নিশ্চয় জ্ঞাত হউক যে তোমারা যাঁহাকে ক্রুশে দিয়াছিলে, **সেই যীশুকেই** ঈশ্বর **প্রভু** ও **খ্রীষ্ট** উভয়ই করিয়াছেন"। তিনিই হচ্ছেন " **প্রভু যীশু খ্রীষ্ট"**।

যীশু যদি প্রভু ও খ্রীষ্ট **"উভয়ই"** হয়ে থাকেন, তবে তিনি (যীশু) মাংসে মূর্ত্তিমান এক ব্যাক্তিতে "পিতা, পুত্র ও পবিত্র আত্মা" ছাড়া অন্য কিছু হতে পারেন না। ইহা " ঈশ্বর তিন ব্যক্তিরূপে ধন্য ত্রিত্ববাদ" নয়, কিন্তু তিনটি কার্য্যালয়ে ঐ তিনটি প্রধান উপাধিতে মূর্ত্তিমান **এক ব্যক্তি, এক ঈশ্বর**। ইহা আর একবার শুনুন, এই একই যীশু হচ্ছেন, " প্রভু ও খ্রীষ্ট **উভয়ই** ।" প্রভু (পিতা) এবং খ্রীষ্ট (পবিত্র আত্মা) হচ্ছেন যীশু। তিনি (যীশু) হলেন তাঁহাদের

**উভয়ই** (প্রভু ও খ্রীষ্ট)।

তাহা যদি ঈশ্বরত্বের সত্য প্রকাশ আমাদিগকে না দেখাতে পারে, তবে আর কিছুই পারবে না। প্রভু অন্য একজন **নয়**, খ্রীষ্ট অন্য একজন **নয়**। এই যীশুই হচ্ছেন প্রভু যীশু খ্রীষ্ট - **এক ঈশ্বর**।

ফিলিপ একদিন যীশুকে বললেন, " প্রভু পিতাকে আমাদের দেখাউন, তাহাই আমাদের পক্ষে যথেষ্ট।" যীশু তাকে বললেন " এতদিন আমি তোমাদের সঙ্গে সঙ্গে আছি, তথাপি তুমি আমাকে কি জান না ?যে আমাকে দেখিয়াছে সে পিতাকে দেখিয়াছে ; তুমি কেমন করিয়া বলিতেছ, পিতাকে আমাদের দেখাউন? আমি ও আমার পিতা এক ।" একবার আমি তাহা উল্লেখ করেছিলাম এবং একজন মহিলা আমাকে বলেছিলেন, "মিস্টার ব্রানহাম, এক মিনিট ;আপনি এবং আপনার স্ত্রী এক ।"

আমি বললাম "সেইরূপ নয়।"

তিনি বললেন, "আমায় ক্ষমা করুন, আমি ঠিক বুঝতে পারলাম না।"

অতএব আমি তাঁকে বললাম, " আপনি কি আমাকে দেখতে পাচ্ছেন?"

তিনি বললেন, "হ্যাঁ"

আমি বললাম, "আপনি কি আমার স্ত্রীকে দেখতে পাচ্ছেন"।

তিনি বললেন, "না" ।

আমি বললাম, " তাহলে ঐ এককত্ব হচ্ছে অন্য প্রকারের, কারন তিনি বলেছেন, তোমরা যখন আমাকে দেখ, তখন পিতাকে দেখ"।

ভাববাদী বলেছেন যে সন্ধ্যার সময় দীপ্তি হবে। ধর্ম্ম গীতে ইহা লেখা আছে :

> প্রকাশ হইবে জ্যোতির গোধুলির সময়,
> মহিমার পথ পাইবে তুমি নিশ্চয়,

রাস্তা যেথা জল দিয়া, হইল অদ্যকার জ্যোতি উহা,
কবরে গেলেন নামে যীশুর, মূল্য যাঁহার নিত্য অপুর।
যুবা কি বৃদ্ধ, ফিরাও মন তব পাপের তরে
পবিত্র আত্মা নিশ্চয় করিবেন প্রবেশ তব অন্তরে।
গোধূলির জ্যোতি করিয়াছেন আগমন,
ইহা সত্য, ঈশ্বর ও খ্রীষ্ট পৃথক কদাপি নহেন।

খুব বেশীদিন হয়নি, আমি এক যীহুদি ধর্ম্মীয় নেতার সাথে কথা বলছিলাম। তিনি আমাকে বললেন, "তোমরা বিজাতীয়েরা ঈশ্বরকে তিন ভাগে বিভক্ত করে তাঁকে একজন যীহুদিকে দিতে পারবে না । আমরা তার চেয়ে আরো ভালোভাবে জানি।"

আমি তাঁকে বললাম, "গুরু তাহাই ঠিক, আমরা ঈশ্বরকে তিন ভাগে বিভক্ত করি না। আপনারা ভাববাদীদের বিশ্বাস করেন, তাই না ? "

তিনি বললেন, " নিশ্চয়ই আমি বিশ্বাস করি।"

"আপনি কি যিশাইয় ৯:৬ বিশ্বাস করেন"?

"হাঁ"

"ভাববাদী কাঁহার বিষয়ে বলেছেন"?

"মশীহার"।

আমি বললাম, "ঈশ্বরের সহিত মশীহার সম্পর্ক কি"?

তিনি বললেন,"তিনিই হচ্ছেন ঈশ্বর"।

আমি বললাম, "তাহাই ঠিক।" আমেন।

আপনারা ঈশ্বরকে তিন ব্যক্তিতে বা তিনভাগে ভাগ করতে পারেন না। আপনারা একজন যীহুদিকে বলতে পারেন না যে এক পিতা ও এক পুত্র ও এক পবিত্র আত্মা আছেন। তিনি তৎক্ষনাৎ আপনাদের বলবেন কোথা হতে ঐ ধারনা

এসেছে। যীহুদিরা জানে যে এই ধর্ম্মবিশ্বাস নাইসিন মন্ত্রনাসভায় বিধিবদ্ধ হয়েছে। এটা আশ্চর্য্যজনক নয় যে তারা আমাদিগকে বিধর্ম্মী বলে ঘৃনা করে। আমরা এক ঈশ্বরের বিষয়ে বলি যিনি পরিবর্ত্তিত হন না। যীহুদিরাও তা বিশ্বাস করে। কিন্তু মন্ডলী তার অপরিবর্ত্তনীয় ঈশ্বরকে **এক** হতে **তিনে** পরিবর্ত্তন করে দিয়েছে। কিন্তু সন্ধ্যাকালে দীপ্তি ফিরে আসছে। ইহা কত লক্ষ্যণীয় যে, এই সত্য সেইসময়ে এসেছে যে সময়ে যীহুদীরা প্যালেস্টাইনে ফিরে আসছে। **ঈশ্বর ও খ্রীষ্ট এক**। এই যীশুই হচ্ছেন **প্রভু ও খ্রীষ্ট উভয়ই**।

যোহনের নিকট প্রকাশ ছিল, সেই প্রকাশ ছিলেন যীশু, এবং তিনি নিজেকে শাস্ত্রের ঠিক এই অংশে প্রকাশ করেছেন- **"আমিই তিনি**, যিনি ছিলেন, যিনি আছেন এবং আসবেন, **সর্বশক্তিমান**। আমেন"।

প্রকাশ যদি আপনাদের নাগালের বাইরে হয়, ঊর্দ্ধদৃষ্টি করুন এবং ঈশ্বরের কাছে প্রার্থনা করুন। একমাত্র ঐ উপায়েই আপনারা ইহা পেতে পারেন। প্রকাশকে ঈশ্বরের নিকট হতে আসতে হবে। ইহা কখনও মানুষের দ্বারা বা স্বাভাবিক গুন দ্বারা আসেনা কিন্তু আত্মিক গুন দ্বারা আসে। আপনি শাস্ত্র মুখস্ত করতে পারেন, যদিও তা বিষ্ময়কর, তবু তা দিয়ে কিছু হবে না। ইহাকে ঈশ্বরের নিকট থেকে প্রকাশ হতে হবে। বাক্য বলে পবিত্র আত্মা ব্যতিরেকে যীশুকে কেউ খ্রীষ্ট বলতে পারেনা । আপনাদিগকে পবিত্র আত্মা প্রাপ্ত হতে হবে, আর তাহলে, কেবলমাত্র তাহলেই পবিত্র আত্মা আপনাদিগকে প্রকাশ দিতে পারেন যে যীশুই খ্রীষ্ট, ঈশ্বর, একজন অভিষিক্ত।

("সপ্ত মন্ডলীর যুগ" হতে উদঘাটিত)

*(From An exposition of the Seven Church Ages)*

**VOICE OF GOD RECORDINGS INC.**

INDIA OFFICE

NO. 28, SHENOY ROAD, NUNGAMBAKKAM, CHENNAI-34.

## সত্ত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org